

প্রভাত

ফুলশয্যা ছেড়ে সোনার আলোয়  
শিশিরভেজা বিম্বিত প্রভাতে তিনি চলেন  
পুরো বহিরিদ্ৰিয় লুধিয়ানার পশমে আবৃত  
যেন কাঙ্ক্ষিত উত্তাপের সদর্প শংসাপত্র।

মুখের সন্মুস্ত হাসির এটেস্টেড করা রবারস্টাম্প  
ঠিক সর্ষেফুলের মতো স্বপ্নময় বিকাশ  
কার্ডিগানে ক্যালেভুলার চঞ্চল গন্ধ  
আমার আরত্ত চোখের মুভি ক্যামেরায়  
কম্পমান সাতসকালে  
বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বন্দি হয়ে যায়।

রাস্তার অপর প্রান্তে হাঁপানির টানে মর্গের ছাপ  
শৈত্যপ্রবাহে ভয়ীভূত মুখমন্ডল কঠিন দেখায়  
সূর্যের উত্তাপ শুর দশ মাস দশ দিন আগে।  
অগ্নিকুন্ডের কাছে বাঁচার একটু ফসফরাস চায়।

ফুট শিশুরা বৃত্তাকারে আগুন উল্লেদেয়  
তপ্ত হয় সারি সারি পাঁজর  
সূর্যঘড়ির কিরণে বাজপাখির ক্ষিপ্ততা পায়  
একটু পরেই ডেলিপ্যাসেঞ্জারের হটোপুটি।

আলিফ নবী ওমর